

তাহের ম.শায়েখ

স্ট্রোফ

(বুচি কে)

ফিরার সব পথ তোমার দিকে
রোজ স্বপ্ন-সুখ গুলো আসিঙ নয়নে
জালক-এ সাজে পাষান নৈবেদ্য ।

রজনী বিষম কাপে সঙ্গীহীন
হরকরা ভুল পথে; ভুল ঠিকানায়
মাধুর্যে মুগ্ধতা কাটেনা - প্রতিমা;
নন্দিত আলিঙ্গনে অনড় বেলা,

রাকামুখী বশ্যতা মেনেছি অজানু সত্তত
খিলাত এর ছিলা না কভু লোভ শুধু তোমার হাত দু'খানি ।

স্বর্গের বারন্দায়

নো হোয়ার- কোথাও না;
শব্দ নেই- শুধু-ই বাতাসের দ্যোতনা,
কৈলষ্য নেই- শুধু-ই অনাবিল সৌন্দর্য
কুটিলতা নেই - শুধু-ই শুদ্ধিঃ

যুথিবদ্ধ সহস্র পর্বতের কেয়ারী
নিঃসঙ্গ দাড়িয়ে আদিম পিতার
হবা'র মতো তোমাকে ডেকেছি ।

স্বপ্ন সাধের বাগানে ফুটে ফুল
মস্ন বাতাসে উড়ে তোমার খোলা চুল
সৌরভে বিভোর সময়ে
তোমাকে লক্ষ্য করে অক্লান্ত হেটেছি ক্রোশ
স্বর্গের বারন্দায়- আল উলা'র উপত্যকায় ।

২৭.১১.২০০৪

রক্ত-কলিঃ ২১

(কুলাপাড়া ঃ কৈশোর-যৌবন'র অনাবিলতা কে)

যতন করে ভুলতে গিয়ে দেখি
দগদগে ক্ষত
টকটকে লাল
ঠোটের মতোন
এক সুখ-স্মৃতি;

শরীর মুছেছে নির্মম কাটা'র
রক্তাত আদর

ছেয়ে আছে তবুও হৃদয় জুড়ে
সুরভিত গোলাপ; স্নিগ্ধ হাসি বিমুক্ত চোখে
উজ্জ্বল অমর্ত্যের ভাষার
মোলায়েম ছায়া
সমান মোহরা'র আচলে
স্বাস্থ্যবতী সবুজ নিঃসর্গ।

রোমহুনের ঘাসে শিশিরে সিক্ত পায়চারী...
লালবাক্স'র নায়ক হতে না পারার কষ্ট;
আজ আর নেই।

০৫.১২.২০০৪

হিরন্ময় কাটা স্মৃতির অন্তর

মরণ-সূর্য-তপ্ত রোদে জ্বলছে কমণীয়তা;
ঘাসের ডগায় জমে থাকা অশ্রু,
মুখর উল্লাস, বন্ধনের টান, স্মৃতির অন্তর
বিলোল স্বাস্থ্যবতী জলে উদ্ভিন্ন
চোখের ভাষা পড়ে মায়ার পাখি
নীলপদ্ম খুজে খুজে শেষে
শরত-চন্দ্র ভ্রু-পল্লবে অনলুৎসে
সারেঙ্গী বেজে উঠে উত্তাপ নঙ্গড় করে বিশ্বাসে,
ঝাপটায় পাখা তিমির রাত্রি অমিত সাহসে
নিয়মে জ্বলনে মানুষ-ই টিকে যায়
শুধু কোথায় যেন বেধে থাকে একটি হিরন্ময় কাটা;
এই যে উদাস চোখে চেয়ে থাকা;
এই যে মুখোমুখি রোমহুনের জলে পা ডুবিয়ে বসে থাকা;
অচিন মানুষ যেন দু'জন, মুখের বালিরেখা মুখস্বহ;
হৃদয়ের অনুরন মৌন-মেঘ সৌষ্ঠব রোদ্দের বিভা
কান্নার মতো বৃষ্টি স্নাত সুখ কোথায়!

৪/১২/০৪ ১১:০১:৪৫ রাত, জেদ্দা